

খুলনা বিশ্ববিদ্যালয় নামকরণ প্রসঙ্গে

|| ১ ||

গত ১ এপ্রিলের দৈনিক ইনকিলাবের সম্পাদক সমীপে কলামে "খুলনা বিশ্ববিদ্যালয়ের নামকরণ" শীর্ষক পত্রটির সাথে আমি সম্পূর্ণ একমত। খুলনায় প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের নামকরণ "খানজাহান আলী বিশ্ববিদ্যালয়" এর পরিবর্তে "খুলনা বিশ্ববিদ্যালয়" এবং "খানজাহান আলী" একটি হলের নামকরণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাচ্ছি।

—হাকিম, চররায়পুর,
সিরাজগঞ্জ।

|| ২ ||

গত ২৪ চৈত্র ১৩৯৩ দৈনিক ইনকিলাবের সম্পাদক সমীপে "খুলনা বিশ্ববিদ্যালয়ের নামকরণ" শিরোনামের পত্রটির লেখকের সাথে একমত হয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমাদের অনুরোধ খুলনা বিশ্ববিদ্যালয়ের নামকরণ "খানজাহান আলী" বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে "খুলনা বিশ্ববিদ্যালয়" করা হোক।

—আনিস ও নিলা,

১/ই, ৫/৯, মীরপুর, ঢাকা-১৬।

|| ৩ ||

গত ১ এপ্রিল দৈনিক ইনকিলাবের সম্পাদক সমীপে কলামে "খুলনা বিশ্ববিদ্যালয়ের নামকরণ" শীর্ষক পত্রটির সাথে আমি সম্পূর্ণ একমত হতে পারছি না। খুলনায় প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের নামকরণ "খানজাহান আলী" ও "খুলনা বিশ্ববিদ্যালয়" এ দুটির পরিবর্তে "খুলনা খানজাহান আলী বিশ্ববিদ্যালয়" নামকরণের জন্য অনুরোধ জানাচ্ছি।

—মোঃ আবু সাইদ,
নেছারিয়া আলীয়া মাদ্রাসা,
চট্টগ্রাম।

|| ৪ ||

খুলনায় প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের নামকরণ খানজাহান আলীর নামে করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাচ্ছি।

—মোঃ বদরুজ্জামান বানা,
ইষ্টার্ন জুট মিল অফিসার্স কোয়ার্টার,
আটরা শিল্প এলাকা,
গাবতলা, খুলনা।